**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 20-08-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কেন্দ্রীয় রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো জানিয়েছেন, রাজ্যে অমৃত ভারত স্টেশন প্রকল্পের অন্তর্গত রেল স্টেশনগুলিতে অত্যাধুনিকীকরণের কাজ অনেক অগ্রসর হয়েছে।**

**(২) জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, রাজ্যের জনজাতি অধ্যুষিত এলাকায় সাধারন মানুষের আর্থ–সামাজিক অবস্থার উন্নয়নে রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ।**

**(৩) সংসদে ইন্ডিয়ান ইনস্টিটিউটস অফ ম্যানেজমেন্ট (সংশোধনী) বিল, ২০২৫ গৃহীত।**

**(৪) ভারতীয় আবহাওয়া বিভাগ আগামীকাল থেকে ২৫শে আগষ্ট পর্যন্ত দক্ষিণ জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে।**

***************************************

**Lok Shabha–Biplab Kumar Deb :**

লোকসভার সাংসদ বিপ্লব কুমার দেবের উত্থাপিত প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় রেল মন্ত্রী অশ্বিনি বৈষ্ণো জানিয়েছেন অমৃত ভারত স্টেশন প্রকল্পের অন্তর্গত ধর্মনগর, কুমারঘাট, উদয়পুর ও আগরতলা রেল স্টেশনের উন্নয়নের কাজ অনেকখানি অগ্রসর হয়েছে। শ্রী দেব বলেন কেন্দ্রীয় রেলমন্ত্রী জানিয়েছেন আগরতলা স্টেশনে লিফটের কাজ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। ধর্মনগর স্টেশনে প্ল্যাটফর্ম শেল্টার, এপ্রোচ রোড এবং সীমানার দেয়ালের কাজ সম্পন্ন হয়েছে।

****************************

**Bikash Debbarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, রাজ্যের জনজাতি অধ্যুষিত এলাকায় সাধারন মানুষের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ। আজ নয়াদিল্লি থেকে ফিরে এম.বি.বি বিমানবন্দরে তিনি সাংবাদিকদের একথা জানান। গতকাল নয়াদিল্লিতে সংসদভবনে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে বিজেপি'র জনজাতি নেতৃবৃন্দের বৈঠকের প্রসঙ্গে তিনি বলেন, এই বৈঠকে রাজ্যের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়েছে। বিশেষ করে আসন্ন ADC নির্বাচনের প্রস্তুতি, রাজ্যের জনজাতি অধ্যুষিত এলাকার উন্নয়নমূলক পরিকল্পনা নিয়েও বৈঠকে আলোচনা হয়।

*************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ আজ বলেছেন, কেন্দ্রীয় সরকার ত্রিপুরাকে, মণিপুর ও মিজোরামের ধান সার্টিফিকেশন করার অনুমোদন দিয়েছে। তিনি বলেন, ত্রিপুরার কৃষি দপ্তর, মণিপুর ও মিজোরামের ধানকে সার্টিফিকেশন দিলে ঐ দুই রাজ্যের ধান স্বীকৃতিপ্রাপ্ত হবে। আজ এডি নগরে রাজ্য কৃষি গবেষণা কেন্দ্রের প্রাঙ্গণে ডা: এম. এস. স্বামিনাথনের মূর্তি উদ্বোধন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন।

*************************

**Agneeveer Recruitment Rally :**

রাজ্যে আজ থেকে সেনাবাহিনীতে চলতি বছরের অগ্নিবীর নিয়োগ অভিযান শুরু হয়েছে। চলবে আগামী ২৩শে আগস্ট পর্যন্ত। অনলাইনে আবেদনের ভিত্তিতে জুলাই মাসে নেওয়া লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রায় ৭০০ জনকে এই নিয়োগ রেলিতে ডাকা হয়েছে। আর্মি রিক্রুট অফিস, শিলচরের অধিকর্তা কর্নেল রাকেশ ডোগরা এ সংবাদ জানিয়েছেন।

*************************

**Package Story- World Mosquito Day :**

চিকিৎসক রোনাল্ড রসের আবিষ্কারকে সম্মান জানানোর জন্য প্রতি বছর ২০ আগস্ট দিনটি পালিত হয় বিশ্ব মশা দিবস হিসেবে। যেদিবস মানুষকে মশাবাহিত রোগ সম্পর্কে সচেতন করে তোলে। এনিয়ে একটি প্রতিবেদন।

#######VC########

*****************************

**Rajiv Gandhi :**

ত্রিপুরা প্রদেশ কংগ্রেস আজ নানা কর্মসূচির মধ্য দিয়ে প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত রাজীব গান্ধীর ৮১তম জন্মদিন পালন করলো। সেবা দলের উদ্যোগে আজ কংগ্রেস ভবনের সামনে দলীয় পতাকা উত্তোলন ও রাজীব গান্ধীর মূর্তিতে পুষ্পার্ঘ অর্পণ করেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা। পরে গান্ধীঘাটের শহীদ বেদীতেও পুষ্পার্ঘ্য অর্পণ করেন কংগ্রেস নেতৃবৃন্দ। আজকের দিনটিকে সদ ভাবনা দিবস হিসেবেও উদযাপন করেছে ত্রিপুরা প্রদেশ কংগ্রেস। এই উপলক্ষে বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নেন কংগ্রেস নেতা কর্মী সমর্থকরা।

********************************

**UPMCS-Udaipur :**

সমবায় মন্ত্রী শুক্লা চরণ নোয়াতিয়া বলেছেন, রাজ্য সরকার সমবায়ের মাধ্যমে নিত্য প্রয়োজনীয় জিনিস বিক্রির জন্য নানা পরিকল্পনা নিয়েছে। আজ উদয়পুর প্রাইমারী মার্কেটিং কোঃ অপারেটিভ সোসাইটির বার্ষিক সাধারণ সভা উদ্বোধন করে তিনি একথা বলেন। বৈঠকে একগুচ্ছ প্রস্তাব গৃহীত হয়। উপস্থিত ছিলেন গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার প্রমুখ।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ–আই–আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে–এ এ–আই–আর–নিউজ–এলার্টস–এ। ইউ–টিউব–এ লক্ষ্য করুন নিউজ–অন–এআইআর–অফিসিয়াল–এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ–আই–আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**IIM–Guwahati :**

রাজ্যসভায় ইন্ডিয়ান ইনস্টিটিউটস অফ ম্যানেজমেন্ট (সংশোধনী) বিল, ২০২৫ আজ পাশ হয়েছে। এরফলে বিলটি সংসদের চূড়ান্ত অনুমোদন লাভ করেছে। বিল প্রসঙ্গে আলোচনার জবাবে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান বলেন, নরেন্দ্র মোদী সরকার দেশের শিক্ষার্থীদের জন্য নতুন নতুন প্রতিষ্ঠান এবং সুযোগ তৈরিতে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন, সরকার ইন্ডিয়ান ইনস্টিটিউটস অফ ম্যানেজমেন্টকে গুরুত্বপূর্ণ জাতীয় প্রতিষ্ঠানের মর্যাদা দিয়েছে। কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী উল্লেখ করেন, ২০১৩তে মাত্র তিন হাজার ৫০০ জন শিক্ষার্থী আইআইএম–এ ছিলেন এবং ২০২৪–২৫ সালে নয় হাজার ৮০০ শিক্ষার্থী এই প্রতিষ্ঠানে পড়াশোনা করছেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকার সর্বদা সমস্ত অঞ্চল এবং রাজ্যের সুষম উন্নয়নের উপর দৃষ্টি নিবদ্ধ রেখেছে।

এর আগে বিলটি উত্থাপন করে শ্রী প্রধান বলেন, বিলটি ইন্ডিয়ান ইনস্টিটিউটস অফ ম্যানেজমেন্ট আইন, ২০১৭–কে আরও সংশোধিত করবে। তিনি বলেন, বিলটি দেশের উত্তর–পূর্ব অঞ্চলের একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র

আসামের গুয়াহাটিতে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট প্রতিষ্ঠার উদ্দেশ্যে আনা হয়েছে।

#######Byte- Dharmendra Pradhan######

*********************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৫তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

**************************

**Vice President-Nomination :**

এনডিএ-র উপরাষ্ট্রপতি পদপ্রার্থী সিপি রাধাকৃষ্ণণ আজ সংসদ ভবনে তাঁর মনোনয়ন জমা দিয়েছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ, রাজনাথ সিং, জেপি নাড্ডা, কিরেন রিজিজু এবং এনডিএ জোটের নেতৃবৃন্দ মনোনয়ন পত্র জমা দেবার সময় উপস্থিত ছিলেন।

**************************

**Online Gaming Bill-2025 :**

কেন্দ্রীয় বৈদ্যুতিন ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো আজ লোকসভায় অনলাইন গেমিং প্রচার ও নিয়ন্ত্রণ বিল, ২০২৫ পেশ করেছেন। এই বিলটি ই-স্পোর্টস এবং অনলাইন সোশ্যাল গেমগুলিকে উৎসাহিত করে এবং একই

সাথে ক্ষতিকারক অনলাইন মানি গেমিং পরিষেবা, বিজ্ঞাপন এবং আর্থিক লেনদেন নিষিদ্ধ করতে আনা হয়েছে। বিলে অনলাইন মানি গেমের প্রস্তাব, পরিচালনা বা সহজতর করার উপর সম্পূর্ণ নিষেধাজ্ঞার বিধান রয়েছে। অনলাইন মানি গেমিং সম্পর্কিত আইন লঙ্ঘনের ক্ষেত্রে ৩ বছর পর্যন্ত কারাদণ্ড এবং এক কোটি টাকা পর্যন্ত জরিমানা বা উভয় দণ্ডের বিধান সংক্রান্ত প্রস্তাব রাখা হয়েছে।

***************************

**Heavy rainfall–South :**

ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের পূর্বাভাসের পরিপ্রেক্ষিতে আজ দক্ষিন ত্রিপুরার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি আজ ওই জেলার তিন মহকুমা শাসক, বিভিন্ন দপ্তর, পুলিশ ও টি.এস.আর আধিকারিকদের নিয়ে জরুরি বৈঠক করেন। জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি আকাশবানীকে জানান, বিপর্যয় মোকাবিলার যাবতীয় প্রস্তুতি নিয়েছে প্রশাসন। পাশাপাশি দক্ষিণ ত্রিপুরা জেলা পুলিশের পক্ষ থেকেও জেলার জনগণকে সচেতন থাকার আবেদন জানিয়ে ভ্রমণ এবং জলাবদ্ধ এলাকা এড়িয়ে চলতে, যানবাহন নিরাপদ জায়গায় পার্কিং করতে, জরুরি নম্বরগুলি হাতের কাছে রাখতে জনগণকে পরামর্শ দেওয়া হয়।

***************************

**Weather :**

ভারতীয় আবহাওয়া বিভাগ আগামীকাল থেকে ২৫শে আগষ্ট পর্যন্ত দক্ষিণ জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে এবং আগামী ২৪ ও ২৫শে আগষ্ট গোমতি ও সিপাহীজলা জেলায় অতি ভারী বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে। তাছাড়া রাজ্যের অন্যান্য জেলাগুলিতে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এই পরিপ্রেক্ষিতে রাজস্ব দপ্তরের পক্ষ থেকে রাজ্যের ৮ জেলার জেলাশাসকগণকে সতর্ক করা হয়েছে। সম্ভাব্য প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় সবধরনের ব্যবস্থা রাখার জন্য জেলাশাসকদের বলা হয়েছে।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *